

- ০৪। সংশ্লিষ্ট জেলার নামের পার্শ্বে প্রদর্শিত অর্থ বিতরণের/উত্তোলনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট অর্থটি প্রেরণের নিমিত্ত অনুরোধ করা হ'ল (সারণীর কলাম ৪ অনুসারে)। জেলা প্রশাসকগণ তাঁর জেলার অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ আয়ণ ব্যয়ণ কর্মকর্তা হিসেবে জেলা হিসাবরক্ষণ /বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা হিসাব খুলে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;
- ০৫। সম্মানী ভাতা পরিশোধে সকল আর্থিক বিধি-বিধান ও সরকারি নিয়মাচার অনুসরণ করতে হবে। অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- ০৬। এ মন্ত্রণালয় থেকে ০২-০৯-২০১৫ তারিখে জারীকৃত ৩৪০ সংখ্যক পরিপত্র ও ২৫ এপ্রিল ২০১৬ তারিখের ৬০০ সংখ্যক স্মারক অনুসারে যাচাই-বাছাইঅন্তে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নিশ্চিত করতে হবে; অণ্যথায় ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;
- ০৭। ৩০/০৬/২০১৬ তারিখের মধ্যে জেলার অনুকূলে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী ও সমন্বয় হিসাব প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল;
- ০৮। সরকারি অনুদানের অর্থ ব্যাংক হিসাবে অব্যাহত আছে কি-না সে বিষয়ে আর্থিক শৃঙ্খলা ও সঠিক হিসাবায়নের লক্ষ্যে অডিট করতঃ প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- ০৯। সম্মানী ভাতা বিতরণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এই অর্থ ব্যয় করা যাবে না;
- ১০। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে কোন ভাবেই অগ্রিম ভাতা প্রদান করা যাবে না এবং প্রতি মাস শেষে মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবে মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে ;
- ১১। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত প্রকৃত মুক্তিযোদ্ধার সঠিকতা নির্ণয়ের বিষয়টি পুনরায় উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত হয়েছে। সে প্রেক্ষিতে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা/পোষ্যদের কোন রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পেতে হলে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে এ যাবৎ গ্রহণকৃত সকল সুযোগ-সুবিধা প্রত্যর্পন করতে বাধ্য থাকবেন।
- ১২। মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত নতুনভাবে কোন মুক্তিযোদ্ধাকে সম্মানী ভাতা তালিকায় অন্তর্ভুক্ত করা যাবেনা;
- ১৩। সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার স্থগিতকৃত ভাতা পুনরায় চালুকরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমাণক (সনদ, গেজেট, মুক্তিবার্তা, ভারতীয় তালিকা) ও জন্ম তারিখের প্রমাণকসহ (জন্মসনদ/এসএসসি সার্টিফিকেট/এনআইডি), মুক্তিযোদ্ধার সুনির্দিষ্ট সংখ্যা, চলতি অর্থবছরে ভাতা স্থগিতের সময়কাল ও প্রকৃত অর্থের বিবরণ উল্লেখপূর্বক চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো;
- ১৪। প্রত্যেক সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার ভাতা তাঁর ব্যাংক হিসাবের জমা নিশ্চিত করতে হবে অথবা একাউন্টপেয়ি চেকের মাধ্যমে ভাতা প্রদান করতে হবে। এর কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা ও ব্যাংক ম্যানেজার দায়ী হবেন। বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসক নিশ্চিত করবেন;
- ১৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে (১-৬৩০১-০০০১-২৬৭১ সংখ্যক কোডে) সরকারি কোষাগারে জমাকরতঃ অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- ১৬। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৩-০৯-২০১৫ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০৫.০১৪.২০০২ (অংশ-১) ও ১৮-০২-২০১৬ তারিখের ০৭.১০৮.০২৩.৬৩.০৫.০১৪.২০০২ (অংশ-১) সংখ্যক নথির উদ্ধৃতাংশ মূলে সম্মতি রয়েছে।

স্বঃ

(মুহাম্মদ নূর আলম)

উপ-সচিব

টেলিফোন- ৯৫৫০১৩৩

dsadmin2@gmail.com

৯/১০/১৬

চলমান পাতা-৪